



আগামী ৩ ফেব্রুয়ারি পালিত হবে পবিত্র শবে বরাত



সংগৃহীত ছবি

দেশের আকাশে শাবান মাসের চাঁদ দেখা না যাওয়ায় আগামী বুধবার (২১ জানুয়ারি) থেকে শাবান মাস গণনা শুরু হবে। এ হিসাবে, হিজরি ১৪ শাবান উপলক্ষে পবিত্র শবে বরাত উদযাপিত হবে আগামী ৩ ফেব্রুয়ারি দিবাগত রাতে।

সোমবার (১৯ জানুয়ারি) সন্ধ্যায় বায়তুল মোকাররমে অনুষ্ঠিত জাতীয় চাঁদ দেখা কমিটির সভা শেষে এ সিদ্ধান্তের কথা জানান ধর্ম মন্ত্রণালয়ের সচিব মো. কামাল উদ্দিন।

ইসলামি বিশ্বাস অনুযায়ী, শাবান মাসের ১৪ তারিখের রাতটি মুসলমানদের কাছে ক্ষমা ও কল্যাণের রজনী হিসেবে বিশেষ মর্যাদাপূর্ণ। এ রাতকে কেন্দ্র করে ধর্মপ্রাণ মুসলমানরা নফল নামাজ, দোয়া ও ইবাদতে সময় কাটান।

এছাড়া, শবে বরাতকে পবিত্র রমজানের পূর্বপ্রস্তুতির সূচনালগ্ন হিসেবেও বিবেচনা করা হয়। কারণ, শাবানের পরেই শুরু হয় সিয়াম সাধনার মাস রমজান।

LENS ASIA